



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট ।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং :- সিশিবো/পনি/উমা/০৫/২০১৬/ ২১৫

তারিখ : ১৯/০৯/২০১৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,সিলেট -এর আওতাভুক্ত প্রাইভেট পরীক্ষার জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এইচ এস সি পরীক্ষায় অত্র শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো ।

১. **প্রাইভেট পরীক্ষার্থী** : ২০১২ সাল বা তার পূর্বে এস এস সি /সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০১৭ সালের এইচ এস সি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে ।
২. **পাঠ্যসূচি** : প্রাইভেট পরীক্ষার্থীরা ২০১৭ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে । পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে ।
৩. **নির্বাচনী পরীক্ষা** : পুলিশ,প্রতিরক্ষাবাহিনীতে চাকুরীরত ব্যক্তি একাধিক্রমে ০৩(তিন) বৎসর শিক্ষকতা পেশায় কর্মরত শিক্ষকগণ এবং অন্ধ ব্যতীত সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ।
৪. **শাখা ও বিষয়সমূহ** : প্রাইভেট পরীক্ষার্থীরা কেবল মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে এবং যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সমস্ত বিষয় নিতে পারবে না । প্রাইভেট পরীক্ষার্থীরা ৪র্থ (চতুর্থ) বিষয় নিতে পারবে না ।
৫. শিক্ষা বোর্ডে কর্মরত কোন কর্মচারী নিজ শিক্ষা বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না । তবে তারা ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ।
৬. **সময়সূচি** :

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
১.	সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীর বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবরে সাদাকাগজে তালিকাভুক্তির জন্য আবেদন দাখিলের তারিখ	২০/০৯/২০১৬ থেকে ০১/১০/২০১৬
২.	প্রাইভেট পরীক্ষার্থীদের এস আই এফ (SIF) বোর্ড থেকে গ্রহণের তারিখ	০৫/১০/২০১৬
৩.	প্রাইভেট পরীক্ষার্থীদের পূরণকৃত অনুমতি ফরম, এস আই এফ(SIF) বিবরণী ফরম ০২(দুই) কপি, এস এস সি পরীক্ষা পাশের মূল নম্বরফর্দ এবং তালিকাভুক্তি ফি এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অত্র শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে)জমা দেয়ার তারিখ(উল্লেখ্য এস এস সি পরীক্ষার মূল নম্বরফর্দগুলি তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে)	৩০/১০/২০১৬

৭. পরীক্ষা কেন্দ্র : সিলেট শিক্ষা বোর্ড হতে অনুমতিপ্রাপ্ত নিম্নোক্ত ০৪(চার) টি কলেজ কেন্দ্র হতে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীগণ এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ।
ক) সিলেট সরকারি কলেজ,সিলেট ।
খ) মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার ।
গ) বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ ।
ঘ) সুনামগঞ্জ সরকারি কলেজ,সুনামগঞ্জ ।

